



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২২১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২৬৬১৫

নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/ ২৬৫২

তারিখঃ ২২/০৭/২০১৭খ্রিঃ

বিষয় : প্রভাষক (আরবী) মাওঃ মোঃ আখতারুজ্জামানকে চাকরিতে পুনর্বহাল করা প্রসঙ্গে।

- সূত্র : ১) স্মারক নং- ০৫.১০.৪২৮৪.০০১.০৩.০০৬.১৭-৪৩২; তারিখঃ ২২-০৬-২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/২৪৩৬; তারিখঃ ০৬/০৩/২০১৭
৩) রিট পিটিশন নং- ১৪৩৯৪/২০১৬ এ প্রদত্ত আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বালকাঠী জেলার রাজাপুর উপজেলাধীন ইছহাকাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদরাসার প্রভাষক (আরবী) মাওঃ মোঃ আখতারুজ্জামানকে গভার্ণিং বডি কর্তৃক গত ০৫/০৩/২০১৫খ্রিঃ তারিখে ফৌজদারী মামলার কারণ দেখিয়ে অবৈধভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। এছাড়া একই বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৪৩৯৪/২০১৬ দায়ের করা হলে মহামান্য হাইকোর্ট অভিযোগের বিষয়টি জরুরী ভিত্তিতে নিষ্পত্তির জন্য নির্দেশ প্রদান করেন।

মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক প্রভাষক (আরবী) মাওঃ মোঃ আখতারুজ্জামান এর অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে সভাপতি ও অধ্যক্ষকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি ও অধ্যক্ষ কর্তৃক লিখিত জবাব ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করা হয়েছে। দাখিলকৃত জবাব ও কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, প্রভাষক (আরবী) মাওঃ মোঃ আখতারুজ্জামান এর বিরুদ্ধে বিভিন্ন নাশকতার মামলায় জড়িত থাকাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করা হয়েছে।

পরবর্তীতে প্রভাষক (আরবী) মাওঃ মোঃ আখতারুজ্জামান এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা ও অভিযোগের বিষয়ে সত্যাসত্য যাচাই পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দেয়া হলে তিনি সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কাগজপত্রাদিসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত প্রতিবেদনের মতামত অংশে "যেহেতু মাওলানা মোঃ আখতারুজ্জামান এর বিরুদ্ধে বালকাঠী জেলা ও দায়রা জজ আদালতে মোকদ্দমা চলমান। তিনি জামিনে আছেন। নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে গমন করছেন। গভার্ণিং বডির বর্তমান সভাপতি মহোদয় ও অন্যান্যরা জানান, মাওলানা মোঃ আখতারুজ্জামান ক্লাস না নেয়ায় পাঠদান দারুনভাবে ব্যাহত হচ্ছে। মাদরাসার ফলাফল খারাপ হচ্ছে। আদালত কর্তৃক বিচারধীন মামলায় তার বিরুদ্ধে বিধি মত অন্য কোন কর্তৃপক্ষের একই অপরাধের ভিন্ন দণ্ড আরোপের সুযোগ নাই।"

অপরদিকে মোঃ আখতারুজ্জামান ও মাওলানা হেমায়েত উদ্দীন কর্তৃক দাখিলকৃত আবেদন ও কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, একই ধরনের অভিযোগ ফৌজদারী নং- ৩ এ উক্ত মাদরাসার শিক্ষক মাওলানা হেমায়েত উদ্দীনকে আসামী করা হয়। মাওলানা হেমায়েত উদ্দীন দেওয়ানী মোকদ্দমা- ১৪/২০১৭ দায়ে করায় আদালতের আদেশ অনুযায়ী তিনি বর্তমানে চাকরিতে কর্তব্যরত আছেন।

বর্ণিত অবস্থায় যেহেতু অভিযোগের বিষয়সমূহ একই ধরনের এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বোর্ডকে বিষয়টি নিষ্পত্তির আদেশ করা হয়েছে সেহেতু মোঃ আখতারুজ্জামান এর বিরুদ্ধে আনীত মামলায় দোষী সাব্যস্ত না হওয়া পর্যন্ত তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে চাকরিতে পুনর্বহাল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১২.৭.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি-গভার্ণিং বডি, ইছহাকাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদরাসা, রাজাপুর, বালকাঠী।
২) অধ্যক্ষ, ইছহাকাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদরাসা, রাজাপুর, বালকাঠী।

নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/

তারিখঃ /০৭/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, বালকাঠী।
২. জেলা শিক্ষা অফিসার, বালকাঠী।
৩. মাওঃ মোঃ আখতারুজ্জামান, প্রভাষক (আরবি), ইছহাকাবাদ-হোসাইনিয়া সিনিয়র মাদরাসা, রাজাপুর, বালকাঠী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪